কোটচাঁদপুরে প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষার্থীদের স্টোর রুমে আটকে রাখার অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের এন.কে.আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহিনুর রহমানের বিরুদ্ধে বিদ্যালয়ের এসএসসি পরিক্ষার্থী সহ ১০ শিক্ষার্থীকে বিদ্যালয়ের স্টোর রুমে আটকে রাখার অভিযোগ উঠেছে।

প্রধান শিক্ষকের দাবী ক্লাসে মোবাইল ফোন নিয়ে আসায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত সোমবার পৌর শহরের নওদাগা-কাশিপুর-রাঙ্গিয়ারপোতা এন.কে.আর বিদ্যালয়ের কিছু শিক্ষার্থী মোবাইল ফোন নিয়ে ক্লাস রুমে আসে। এসময় তাদের প্রধান শিক্ষক সহ সহকারি শিক্ষকরা শিক্ষার্থীদের মোবাইল ফোন ছিনিয়ে নেয়। এবং মৌখিক ভাবে তাদেরকে বিদ্যালয়ে আসতে নিষেধ করা হয়। এমনকি স্কুলে আসলে পুলিশে দেওয়া হবে বলেও হুমকি দেওয়া হয়।

আজ মঙ্গলবার ওই শিক্ষার্থীরা পূনরায় স্কুলে আসলে,তাদের কে বাহিরে রোদের মধ্যে দাঁড়ান করিয়ে রাখা হয়। পরবর্তিতে বিদ্যালয়ের সভাপতি জাকারিয়া হোসেনের নির্দেশে প্রধান শিক্ষক শাহিনুর রহমান তাদেরকে জিজ্ঞাসাবাদের জন্য একটি স্টোর রুমে আটকে রাখেন।

এ ব্যাপারে প্রধান শিক্ষক শাহিনুর রহমান বলেন, শিক্ষার্থীদেরকে স্কুলে মোবাইল ফোন নিয়ে আসতে নিষেধ করা হয়। এরপরও তারা মোবাইল নিয়ে ক্লাসে আসে। পরে শাস্তিমূলক তাদের মোবাইল ফোন ছিনিয়ে নেওয়া হয়। এতে ক্ষিপ্ত হয়ে কিছু শিক্ষার্থী দুই শিক্ষকের মোটরসাইলের ছিট কেটে গাড়ির প্লাগের তার কেটে দেয়। এবং ওয়াটার রুমের বেসিন উল্টে রাখে। মঙ্গলবার সেই শিক্ষার্থীরা স্কুলে আসলে তাদেরকে জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়।

অভিযুক্ত শিক্ষার্থীরা বলেন, কে বা কারা এমন ঘটনা ঘটিয়েছে আমরা কিছু জানি না। এঘটনায় শিক্ষার্থীসহ এলাকাবাসী ও অভিভাবকদের মধ্যে ক্ষোবের সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়ার সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে, তিনি জানান, শিক্ষার্থীদের স্কুলে মোবাইল ফোন নিয়ে আসা নিষেধ। কিন্তু তাদেরকে আটকে রাখা ঠিক হয়নি। ঘটনাটি আমি জানি না! খোঁজ নিয়ে দেখছি।

শৈলকুপায় বিআরডিবি’র পল্লী জীবিকায়ন প্রকল্পের প্রশিক্ষন শুরু

ঝিনাইদহের শৈলকুপায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আয়োজিত সুফল ভোগীদের পল্লী উন্নয়ন দলে রুপান্তরের মাধ্যমে আয় বর্ধনমূলক কর্মকান্ড নির্ধারণ করে উপজেলা পর্যায়ে এক প্রশিক্ষনের আয়োজন করা হয়।

মঙ্গলবার বেলা ১০টায় উপজেলা বিআরডিবি ও প্রাণিসম্পদ কার্যালয়ের প্রশিক্ষন কক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোড সদর দপ্তরের উপ পরিচালক গোপাল চন্দ্র সাহা ভার্চুয়ালী যুক্ত থেকে তিনদিন ব্যাপি অনুষ্ঠিত এ প্রশিক্ষন কর্মসূচীর উদ্বোধন করেন।

দুইটি ব্যাচে মোট ৮০জন প্রশিক্ষনার্থীকে গরু মোটা তাজাকরণ ও দুগ্ধজাত গাভী পালন এবং শাক সব্জি চাষ পদ্ধতি উপরে প্রশিক্ষন দেয়া হবে। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা ড. মাহফুজুর রহমান, প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রশিক্ষন পুলের উপ পরিচালক (অব:) খাইরুল বাসার ও উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ: দা:) ওবায়দুর রহমান।

হরিণাকুণ্ডুতে সড়ক দূর্ঘটনায় নারীর মৃত্যু

হরিণাকুন্ডু উপজেলার গোপীনাথপুর গ্রামে পাখি ভ্যান থেকে পড়ে ফরিদা খাতুন (৪০) নামের এক নারী নিহত হয়েছেন।

নিহত ফরিদা খাতুন গোপীনাথপুর গ্রামের মোঃ উকিল উদ্দিনের স্ত্রী।

আজ মঙ্গলবার (২৮ জুন) বেলা আনুমানিক ১০ টার সময় তাহেরহুদা উত্তরপাড়া নামক স্থানে এ সড়ক দূর্ঘটনা ঘটে।

নিহতের স্বামী উকিল উদ্দীন জানান, সে গোপীনাথপুর থেকে ভবানীপুর যাবার সময় তাহেরহুদা উত্তরপাড়া নামক স্থানে পাখি ভ্যান থেকে পড়ে গিয়ে মাথায় আঘাত পাই।

তাকে উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে কর্তব্যরত ডা: জামিনুর রশিদ চিকিৎসা দেন। সেখানে তার অবস্থার আঅবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। কুষ্টিয়া নেওয়ার পথে মারা যায় সে।

শৈলকুপার উপজেলা চেয়ারম্যান পদে নৌকার মাঝি হলেন হাকিম

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা চেয়ারম্যান পদের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ।

রোববার বিকালে দলের মনোনয়ন বোর্ড এ সিদ্ধান্ত নেয় বলে দলীয় সূত্রে জানা যায়। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন।

১৯৮০ সাল থেকে বাংলাদেশ ছাত্রলীগ শৈলকুপা উপজেলা শাখা থেকে এম হাকিম আহমেদের রাজনীতির হাতেখড়ি। পরবর্তিতে ঢাকা বিশ^বিদ্যালয় শাখার সদস্য নির্বাচিত হন।

বর্তমান তিনি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের পদে অধিষ্ঠিত। উল্লেখ্য গত ১৫ মে উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার শেফালি বেগম মৃত্যুবরণ করলে আসনটি শুন্য ঘোষনা করে নির্বাচন কমিশন।

ঘোষিত তপশিল অনুযায়ী আগামী ৩১ জুলাই শৈলকুপা উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। মনোনয়নের খবর পেয়ে এম হাকিম আহমেদের জন্মস্থান ৯ নং মনোহরপু ইউনিয়নসহ উপজেলার বিভিন্ন হাট-বাজারে মিস্টি বিতরনের খবর পাওয়া গেছে।

হলিধানী দোকান মালিক সমিতির নির্বাচন উপলক্ষে প্রস্তুতি সভা

ঝিনাইদহ সদরের ঐতিহ্যবাহী হলিধানী বাজারের দোকান মালিক সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১২টার দিকে ইউনিয়ন ভূমি অফিসের সামনে এই সভা অনুষ্ঠিত হয়।

বিশিষ্ট কাপড় ব্যবসায়ী আবু বকর এর সভাপতিত্বে এবং উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক হারুনর রশীদের এর পরিচালনায় এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের সাবেক সদস্য আশরাফুল ইসলাম মাস্টার, বিশিষ্ট মুদি ব্যবসায়ী আব্দুল হান্নান, আড়ত ব্যবসায়ী জাহাঙ্গীর আলম, কাপড় ব্যবসায়ী হাজী আব্দুল ওহাব, হোটেল ব্যবসায়ী মোঃ শরিফুল আলম এবং ওষুধ ব্যবসায়ী সুবাশ কুমার মিত্র প্রমূখ।

স্থানীয় দোকান মালিকদের নিকট থেকে জানা যায়, বেশকিছুদিন আগেই

কমিটির মেয়াদ উর্ত্তীণ হলেও দীর্ঘ করোনা কালীন সময়ে নির্বাচন করা সম্ভব হয়নি। খুব দ্রুতই উপদেষ্টা পরিষদের নিকট এই নির্বাচন সম্পন্ন করা দাবি জানান তারা।

সভায় বক্তারা বলেন নির্বাচিত ইউপি চেয়ারম্যানের হস্তক্ষেপে বিশেষ একটি মহল এই দোকান মালিক সমিতি ভাঙাগড়ার চেষ্টা করছে। যে কোন মূল্যে তা প্রতিহত করে প্রকৃত দোকান মালিক সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে এই কমিটি গঠন করতে চায়।

সভায় দোকান মালিক সমিতির গঠনতন্ত্র মোতাবেক স্থানীয় চার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উপদেষ্ঠা এবং প্রবীণ ১০জন ব্যবসায়ীকে সদস্য করে একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।

এবিষয়ে ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ্যাড. এনামুল হক নিলু বলেন, আমারা হলিধানী বাজার ব্যবস্থাপনা কমিটি গঠন করেছি। আমি পদাধীকার বলে সভাপতি এবং সকলের সম্মতিক্রমে সাবেক ইউপি সদস্য আলমগীর হোসেন কে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

তিনি আরও বলেন দোকান মালিক সমিতি আমি গঠন করিনি। দোকান মালিক সমিতির নির্বাচনের প্রস্তুতি মিটিং সম্পর্কে তিনি জানেন না বলে জানান।

ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের শিক্ষার্থীদের বিক্ষোভ

ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রি প্রদানসহ ৭দফা দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ শিক্ষার্থীরা।

রোববার সকাল ৮টা থেকে কলেজের প্রধান ফটকের সামনে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। এই অবস্থায় ভোগান্তি নিয়ে পায়ে হেটে যাত্রীরা যাতায়াত করতে বাধ্য হচ্ছে ।

শিক্ষার্থীদের দাবী আদায় সংগ্রাম পরিষদের সাধারণ সম্পাদক মোঃ সজিবুল হাসান জানান, ভর্তি বিজ্ঞপ্তিতে ডিভিএম ডিগ্রি দেওয়ার কথা থাকলেও কলেজ কর্তৃপক্ষ বিএসসি ভেট সাইন্স এন্ড এএইচএস ডিগ্রি প্রদান করার চেষ্টা করছে। তাতে শিক্ষার্থীদের আগামীতে চাকুরির ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখীন হতে হবে। তাই তারা ডিভিএম ডিগ্রির দাবি জানিয়েছেন।

এর আগে মানববন্ধন, সড়ক অবরোধ, খুলনা প্রাণী সম্পদের বিভাগের কর্মকর্তাকে অবরুদ্ধ করার পরও তাদের এই দাবী মানা হয়নি। যে কারনে আবারো তারা নতুন করে সড়ক অবরোধ করতে বাধ্য হয়েছে।

ছাত্র নেতারা আরো জানান প্রাণি সম্পদ মন্ত্রণালয় কলেজটিকে একটি বিশ্ববিদ্যালয়ের নিকট সম্পুর্ণভাবে ন্যাস্ত করলে এই সমস্যার সমাধান হয়ে যাবে । কিন্তু তারা দীর্ঘ দিন এই দাবীতে আন্দলোন সংগ্রাম করে চললেও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তপক্ষ কোন পদক্ষেপ নিচ্ছে না। এছাড়া তারা ভর্তি পরীক্ষা নিজ ক্যাম্পাসে অনুষ্ঠিত, অতিরিক্ত ভর্তিফি কমানো , শিক্ষক সংকটের সমাধান, পর্যাপ্ত বাজেট বরাদ্ধ ও আধুনিক যন্ত্রপাতি সরবরাহসহ ৭ দফা দাবি তুলে ধরেণ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহম্মদ সোহেল রানা জানান সকাল থেকে রাস্তা অবরোধ থাকায় তিনি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন এর সাথে ঘটনাস্থলে যান। সেখানে শিক্ষার্থীরা দাবী করেন জেলা প্রশাসক ঘটনাস্থলে এসে তাদের দাবী আদায়ে কার্যকর আশ্বাস না দেয়া পর্যন্ত তারা সড়ক অবরোধ চালিয়ে যাবে। এই অবস্থায় তারা শিক্ষার্থীদের অবরোধ থেকে নিবৃত করাতে পারেননি।

এ বিষয়ে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের অধ্যক্ষ ড. আতাউর রহমান ভুইয়া জানান এই কলেজটি প্রথমে চট্রগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত ছিল পরে এটি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বর্তমানে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আওতায় রয়েছে। তিনি আরো বলেন কলেজের শিক্ষা কার্যক্রম পরিচালনা করে বিশ্ববিদ্যালয়। অন্যদিকে এর বাজেট, অধ্যক্ষ, শিক্ষকগণ রয়েছেন প্রাণি সম্পদ মন্ত্রানালয়ের আওতায়। ফলে দুই মন্ত্রণালয়ের সমন্বয়হীনতার কারনে শিক্ষার্থীদের দাবী বাস্তবায়ন হচ্ছেনা।

জেলা প্রশাসক মনিরা বেগম জানান বিষয়টি জেলা প্রশাসনের আওতাভুক্ত

নয় । সে কারনে তিনি শিক্ষার্থীদের কোন আশ্বাস দিতে অপারগ বিধায় তিনি বিষয়টি প্রাণী সম্পদ মন্ত্রণালয়ে মৌখিক ভাবে অবহিত করেছেন।

ঝিনাইদহে পদ্মাসেতু উদ্বোধন উপলক্ষ্যে জেলা প্রশাসনের বর্ণাঢ্য আয়োজন

ঝিনাইদহে যেন উৎসবের আমেজ। চারিদিকে সাজ সাজ রব। ব্যনার ফেস্টুন আর চোখ ধাধানো আলোকসজ্জায় সেজেছে সরকারী বেসরকারী প্রতিষ্ঠান।

সন্ধ্য়ায় আতশবাজী ফুটিয়ে জানান দেওয়া হয় পদ্মাসেতুর উদ্বোধনের খবর। মানুষের মুখে মুখে পদ্মাসেতুর জয়গান। আর এভাবেই ঝিনাইদহে পদ্মাসেতুর উদ্বোধনী অনুষ্ঠান পালন করা হয়।

পদ্মাসেতু উদ্বোধন উপলক্ষে ঝিনাইদহে আয়োজন করা হয় বর্ণাঢ্য অনুষ্ঠান। জেলা প্রশাসনের পক্ষ থেকে শনিবার সকালে শহরের প্রেরণা একাত্তর চত্বর থেকে শোভাযাত্রা বের করা হয়।

এতে সরকারি বিভিন্ন দপ্তরসহ সামাজিক সংগঠন অংশ নেয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পুরাতন ডিসি কোর্ট চত্বরে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি মুক্তমঞ্চে আলোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি সংসদ সদস্য আব্দুল হাই, জেলা প্রশাসক মনিরা বেগম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা পরিষদের প্রশাসক কনক কান্তি দাস, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মকবুল হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। এছাড়াও দিনভর নানা অনুষ্ঠান মালা, আতশবাজি উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হয় উদ্বোধনী অনুষ্ঠান।

পদ্মাসেতুর উদ্বোধনী অনুষ্ঠান দেখতে গ্রাম থেমে আসে শহিদুল। তিনি সঙ্গে এনেছেন তার ছোট মেয়েকে। ব্যাপারীপাড়ার কমলা বেগন তার ছোট নাতিকে নিয়ে আলোকসজ্জা দেখিয়ে বাড়ি ফিরছিলেন। মুখে অস্ফুট

হাসি। অসুস্থ শরীর নিয়েও তিনি প্রতিকী পদ্মাসেতু দেখতে শহরের পায়রা চত্বরে যান।

এ ভাবে জেলার বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ঝিনাইদহ শহরে ছুটে আসেন উদ্বোধনী অনুষ্ঠান দেখতে। সব শ্রেনী পেশার মানুষের অংশগ্রহনে জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানটি উৎসবে পরিণত হয়।

ঝিনাইদহে তৈরী করা হয়েছে প্রতিকী পদ্মা সেতু

পদ্মা সেতুর আদলে ঝিনাইদহে পায়রা চত্বর প্রাঙ্গণে তৈরী করা হয়েছে প্রতিকী পদ্মা সেতু। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর তত্বাবধানে নির্মাণ করা হচ্ছে বিশালাকৃতির প্রতিকী পদ্মা সেতু।

নির্মাতা সাগর হোসেন সোহাগ সহ-সভাপতি বাংলাদেশ ছাত্রলীগ ও চেয়ারম্যান, চারু ইভেন্ট এন্ড কনট্রাকশন’র নিপুন হাতে ছোয়াই নির্মাণ করা হচ্ছে প্রতিকী দৃষ্টি নন্দন স্বপ্নের এই পদ্মা সেতু। ইতিমধ্যে পদ্মার সেতুর চলমান কাজ দফায় দফায় পরিদর্শন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক মনিরা বেগম।

বাঙালির অহংকার, আত্মপ্রত্যয়, সক্ষমতা ও আত্মমর্যাদার প্রতীক স্বপ্নের পদ্মা সেতু । যার শুভ উদ্বোধন হতে যাচ্ছে ২৫ জুন, শনিবার। ঐতিহাসিক এ অর্জন স্বরণীয় করে রাখতে ঝিনাইদহ জেলা প্রশাসনের উদ্যোগে আলোকসজ্জাসহ বর্ণিল সাজে সজ্জিত হচ্ছে গোটা ঝিনাইদহ শহর।

রয়েছে শোভাযাত্রা, উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, আতশবাজি, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বর্ণাঢ্য আয়োজন। জেলা আওয়ামী লীগও পালন করবে নানা কর্মসূচি।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম জানান, শত প্রতিকুলতা, বাধা-বিপত্তি, বিশ্ব ব্যাংকের ভিত্তিহীন অভিযোগ ও

ষড়যন্ত্র উপেক্ষা করে পদ্মা সেতু নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছিলেন তাঁর বাবার মতো আপোষহীন, অটল ও অবিচল। কোন চাপের কাছে তিনি মাথা নত করেননি সেদিন।

এই অর্জন ও কৃতিত্বের দাবিদার একমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তাঁর সাহসী ও দৃঢ়চেতা নেতৃত্ব, মানুষের প্রতি অপার ভালোবাসা এবং জাতিকে পদ্মা সেতু উপহার দেওয়ার জন্য এ জাতি কৃতজ্ঞচিত্তে স্বরণ করবে চিরকাল।

কোটচাঁদপুর কিশোরী ক্লাবের সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত

কোটচাঁদপুর কিশোরী ক্লাবের উদ্যোগে সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারন সম্পাদক মোঃ শাহাজাহান আলী, কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, বলুহর ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম, এলাঙ্গীর চেয়ারম্যান মিজানুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও কোর্স পরিচালক সেলিম রেজা।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার ইউনুছ

আলী, ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ। এ সময় প্রশিক্ষণে অংশগ্রহন করেন ওই বিদ্যালয়ের কিশোরী সংঘের একশত জন কিশোরী।

অনুষ্ঠানটি আয়োজনে ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপ)। দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প ২য় পর্যায় আওতায় এ প্রশিক্ষণ দেয়া হয় কিশোরীদের।

এ সময় অতিথি বৃন্দরা প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্য কিশোরীদের বয়ঃসন্ধিকাল, বাল্যবিবাহ, নারী নির্যাতন সহ বিভিন্ন সচেতনতা মূলক বক্তব্য রাখেন। পরে কিশোরী ক্লাবের ছাত্রীদের হাতে বিভিন্ন উপকরন তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি।

সম্মেলনের দেড় মাস পর কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের কমিটি ঘোষণা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের প্রায় দেড় মাস পর সভাপতি-সাধারণ সম্পাদক সহ কমিটির নাম প্রকাশ করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় জেলা কৃষকলীগের সভাপতি মোঃ সাজেদুল ইসলাম সোম ও সাধারণ সম্পাদক মোঃ আশরাফুল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আগামী ৩ বছরের জন্য কেন্দ্রীয় কৃষকলীগের নির্দেশনায় মোঃ আনোয়ার জাহিদ তুহিনকে সভাপতি ও শুশান্ত চক্রবর্তীকে সাধারণ সম্পাদক হিসাবে ঘোষণা করা হয়।

এছাড়াও সিনিয়র সহ-সভাপতি হিসাবে মোঃ আনোয়ার হোসেন মুকুল, সহ-সভাপতি দেবদাস ভট্রাচার্য ও সহ-সভাপতি পদে মোঃ শাফিউর রহমান শফির নাম ঘোষণা করা হয়েছে।

দলীয় সূত্রে জানা যায়, গেল ১১ মে কোটচাঁদপুর উপজেলা কৃষকলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বাংলাদেশ কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শরীফ আশরাফ আলী সম্মেলনরে উদ্বোধক ও প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়াও বাংলাদেশ কৃষক লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য ও ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড.মোঃ আব্দুর রশিদ, কেন্দ্রীয় কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পান্, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ হালিমা রহমান, সহ-প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পদক মোঃ নুরুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সাংসদ নবী নেওয়াজ, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিেফেুন্নছা মিকি, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা কৃষক লীগের সভাপতি মোঃ সাজেদুল ইসলাম সোম, সাধারণ সম্পাদক আশরাফুল আলম, প্রমূখ উপস্থিত ছিলেন।

সম্মেলন ঘিরে নেতা-কর্মীদের উৎসব ও আমেজের মধ্যে কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হলেও নেতারা প্রতিদ্বন্দী প্রার্থীদের রোষানলে পড়েন। পরবর্তিতে কমিটির নাম ঘোষণা না করেই কেদ্রীয় নেতাসহ স্থানীয় নেতারা চলে যায়।

অবশেষে সকল জল্পনা-কল্পনার অবশান ঘটিয়ে প্রৃায় দেড় মাস পর উপজেলা কৃষকলীগের এই কমিটির নাম ঘোষণা করা হলো।